কুষ্টিয়ায় নবনির্মিত জেলা শিল্পকলা একাডেমির উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা

কুষ্টিয়ায় অত্যাধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত নবনির্মিত জেলা শিল্পকলা একাডেমির উদ্বোধন করা হয়েছে। বুধবার সকাল ১১টায় গণভবন থেকে ভার্চ্যুয়াল মাধ্যমে কুষ্টিয়া-সহ দেশের ৮টি শিল্পকলা একাডেমি ভবন উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

এসময় তিনি বলেন, আমাদের দেশের মানুষ সংস্কৃতি-মনা। নৌকার মাঝি নৌকা চালাতে চালাতে গান ধরে। এক সময় তো গরুর গাড়ি চলত। সেই গরুর গাড়ির চালকদের গাওয়া ‘ওকি গাড়িয়াল ভাই’ গান এখনো মানুষের হৃদয় ছুঁয়ে যায়। যদিও আধুনিক প্রযুক্তি এবং আধুনিক যুগে সেসব হারিয়ে যেতে বসেছে, তবুও এগুলো কিন্তু শিল্পীর তুলিতে এখনো উজ্জীবিত।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, আমাদের লক্ষ্য প্রতিটি উপজেলায় কালচারাল কমপ্লেক্স গড়ে তুলব। প্রত্যেক উপজেলা থেকে যাতে আমাদের ছেলেমেয়েরা মেধাবিকাশের সুযোগ পায়, সেই ব্যবস্থাটাও আমরা নিতে চাচ্ছি।

নবনির্মিত শিল্পকলা একাডেমির ভবনগুলো অত্যন্ত চমৎকার ও আন্তর্জাতিক মানের হয়েছে জানিয়ে সেগুলো যথাযথভাবে সংরক্ষণ ও ব্যবহার করার বিষয়ে সকলকে বিশেষভাবে দৃষ্টি দেওয়ার আহ্বান জানান তিনি।

সংস্কৃতি প্রতিমন্ত্রী কে এম খালিদ এমপির সভাপতিত্বে সংস্কৃতি মন্ত্রণালয়ের সচিব আবুল মনসুর ও বাংলাদেশ শিল্পকলা একাডেমির মহাপরিচালক লিয়াকত আলী লাকী বক্তব্য দেন।

উদ্বোধনী অনুষ্ঠানে গণভবন ছাড়াও বাংলাদেশ শিল্পকলা একাডেমি মিলনায়তন ও কুষ্টিয়া জেলা প্রশাসকের কার্যালয় থেকে বিভিন্ন সরকারি, বেসরকারি দপ্তরের কর্মকর্তা, রাজনৈতিক নেতারা, সাংস্কৃতিক ব্যক্তি ও শিল্পীরা সংযুক্ত ছিলেন।

কুষ্টিয়ায় হত্যা মামলায় এক নারীর আমৃত্যুসহ ৫ জনের যাবজ্জীবন কারাদণ্ড

কুষ্টিয়ার ভেড়ামারায় রায়হান নামে এক যুবক হত্যা মামলায় এক নারীর আমৃত্যু ও পাঁচজনের যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছেন আদালত। এ ছাড়া প্রত্যেককে আরও ২০ হাজার টাকা জরিমানা অনাদায়ে আরও ১ বছরের কারাদণ্ড দিয়েছেন আদালত।

বুধবার দুপুরে কুষ্টিয়ার অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালতের বিচারক তাজুল ইসলাম এই রায় ঘোষণা করেন।

আমৃত্যু দণ্ডপ্রাপ্ত হলেন, কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার ভুরকাপাড়া গ্রামের মান্নান সর্দারের মেয়ে শিখা খাতুন। এ ছাড়া এ ঘটনায় যাবজ্জীবন দণ্ডপ্রাপ্তরা হলেন, কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার ভুরকাপাড়া গ্রামের মৃত জলিল সর্দারের ছেলে মান্নান সর্দার। আব্দুর রাজ্জাকের ছেলে সারজুল, মৃত জলিল সর্দারের ছেলে সাধু সর্দার, মৃত শওকত সর্দারের ছেলে বজলু সর্দার, ভেড়ামারা উপজেলার জুনিয়াদহ গ্রামের রাজন বিশ্বাসের মেয়ে আজমিরা খাতুন।

রায় ঘোষণার সময় দণ্ডপ্রাপ্তরা আদলতে উপস্থিত ছিলেন। পরে কড়া পুলিশি পাহারায় তাদের কারাগারে পাঠানো হয়। এই ঘটনার সঙ্গে কোন সম্পৃক্ততা না থাকায় মামলার অপর দুই আসামিকে বেকসুর খালাস দেওয়া হয়।

মামলার এজাহার সূত্রে জানা যায়, কুষ্টিয়ার ভেড়ামারা উপজেলার জুনিয়াদহ গ্রামের মীর শহিদুল ইসলামের ছেলে দিনমজুর রায়হানের সঙ্গে কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার ভুরকাপাড়া এলাকার মোয়াজ্জেম মণ্ডলের মেয়ে সেতুর সঙ্গে পারিবারিকভাবে বিয়ে হয়।

বিয়ের কিছুদিন পর রায়হানের সঙ্গে সেতুর সঙ্গে ঝগড়া হলে সেতুকে রেখে রায়হান ঢাকাতে চলে যান। পরে ২০১৬ সালের ৫ অক্টোবর তারিখে রায়হান আবার বাড়িতে আসেন।

এর পরদিন ৬ তারিখ (বৃহস্পতিবার) রাত ৮টার দিকে তিনি একটি অজ্ঞাত ফোন পেয়ে বাড়ি থেকে বের হয়ে চলে যায়। পরের দিন বাড়ি থেকে আধা কিলোমিটার দুরে একটি পানের বরজে রায়হানের মরদেহ পাওয়া যায়।

খবর পেয়ে ভেড়ামারা থানা–পুলিশ নিহত রায়হানের মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য কুষ্টিয়া জেনারেল হাসপাতালের মর্গে পাঠিয়েছে।

এই ঘটনায় নিহত রায়হানের পিতা মীর শহিদুল বাদী হয়ে ৯ অক্টোবর ২০১৬ তারিখে ভেড়ামারা থানায় অজ্ঞাত ব্যক্তিদের আসামি করে একটি হত্যা মামলা দায়ের করেন। পরে মামলার দীর্ঘ তদন্ত শেষে ৮ জনের বিরুদ্ধে আদালতে চূড়ান্ত তদন্ত প্রতিবেদন জমা দেয় মামলার তদন্তকারী কর্মকর্তা। পরে দীর্ঘ শুনানি শেষে বুধবার বেলা ১২টার দিকে মামলা রায় ঘোষণা করেন আদালত।

গাংনীতে আনসার সদস্যর বিরুদ্ধে সরকারী ঘর দেয়ার নামে টাকা হাতিয়ে নেওয়ার অভিযোগ

মেহেরপুরের গাংনীতে আনসার ভিডিপি সদস্য মিল্টন হোসেনের বিরুদ্ধে সরকারী ঘর দেয়ার নামে দরিদ্র কৃষকের কাছ টাকা হাতিয়ে নেওয়ার অভিযোগ উঠেছে।

বুধবার দুপুরে উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তার কাছে লিখিত অভিযোগ দিয়েছে ভুক্তভুগীর জামাই মোহন আলী। আনসার সদস্য কাথুলী ইউনিয়নের লক্ষীনারায়নপুর গ্রামের বাসিন্দা বর্তমানে সে গাংনী উপজেলা পরিবার পরিকল্পনা অফিসের গুদামে নিরাপত্তা প্রহরী হিসেবে কর্মরত রয়েছে।

মোহন আলী জানান, তার শশুর ধানখোলা ইউনিয়নের জুগিন্দা গ্রামের রজব আলীকে সরকারী ঘর পাইয়ে দেওয়ার নামে প্রায় দেড় বছর আগে ১২ হাজার টাকা নিয়েছে। দীর্ঘ সময় পার হলেও ঘর দিতে না পারায় টাকা ফেরত চাইলেও নানা টালবাহানা শুরু করেছে। এক প্রকার বাধ্য হয়ে

গাংনী উপজেলা ও জেলা আনসার কর্মকর্তা সহ বিভাগীয় কর্মকর্তার কাছে লিখিত অভিযোগ দায়ের করেছি।

এদিকে সাহারবাটি ইউনিয়নের হিজলবাড়িয়া গ্রামের শাহজামালের স্ত্রী ভানুয়ারা খাতুন বলেন, আনসার সদস্য মিল্টন হোসেন সরকারী ঘর দেওয়ার নামে ৫ হাজার টাকা হাতিয়ে নিলেও ঘর তো দুরের কথা টাকাও ফেরত দিচ্ছে না। তার বিরুদ্ধে থানায় লিখিত অভিযোগ দেয়া হবে।

পুরাতন মটমুড়া গ্রামের নয়ন আলী বলেন, মাতৃত্বকালিত ভাতা করে দেওয়ার নামে ১০ জনের টাকা নিয়েছে মিল্টন হোসেন। মাতৃত্বকালিন ভাতা কার্ড করে দিতে পারেনি। এজন্য টাকা ফেরত দেবে বলে অঙ্গীকার করেছে।

গাংনী উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা উর্মিলা বিশ্বাস বলেন, মোহন আলী নামের এক ব্যক্তি আনসার ভিডিপি সদস্য মিল্টন হোসেনের বিরুদ্ধে লিখিত অভিযোগ দিয়েছে। তার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে।

এবিষয়ে কথা বলার জন্য মিল্টন হোসেনের ব্যবহৃত মোবাইল ফোনে একাধিকবার কল দিলেও তিনি রিসিভ করেননি।
জেলা আনসার কমাড্যান্ট মো: সাহাদত হোসেন বলেন,বিষয়টি তদন্ত কমিটি গঠন করে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

জীবননগরে খেলার সময় প্রাচীর চাপা পড়ে শিশুর মৃত্যু

জীবননগরে খেলার সময় সীমানা প্রাচীরের চাপায় রিফাত হোসেন (৭) নামে এক শিশুর মৃত্যু হয়েছে। বুধবার বেলা ১০ টার সময় জীবননগর উপজেলার উথলী গ্রামের বাজার পাড়ায় এ ঘটনা ঘটেছে।

নিহত রিফাত হোসেন ওই গ্রামের বাজার পাড়ার সন্টু আলীর ছেলে এবং উথলী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের দ্বিতীয় শ্রেনীর ছাত্র।

উথলী ওয়ার্ডের ইউপি সদস্য জহুরুল হক ঝন্টু জানান, আজ সকাল ১০ টার

সময় রিফাতসহ ৬-৭ বন্ধু বাড়ির পাশে খেলছিল। এ সময় বাড়ির পাশের পুরাতন একটা সীমানা প্রাচীর ধ্বসে কয়েকটা ইট রিফাতের মাথায় পড়ে।

এতে রিফাত গুরুতর আহত হলে স্থানীয়রা মুমূর্ষু অবস্থায় তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করেন। চিকিৎসার এক পর্যায়ে বেলা ১১ টার সময় রিফাতের মৃত্যু হয়।

জীবননগর থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আব্দুল খালেক জানান, বিষয়টি শুনেছি। এ ব্যাপারে থানায় একটি অপমৃত্যু মামলা রেকর্ড করা হবে।

মেহেরপুর প্রতিদিনে সংবাদ প্রকাশ: মীর কামরুজ্জামানের বিরুদ্ধে আদালতের মামলা (ভিডিও)

“সরকার, প্রতিবেশী, আপন ভাই বাদ যায়নি কেউ প্রতারণার হাত থেকে, মীর কামরুজ্জামন, প্রতারণায় ছূয়েছেন আসমান” শিরোনামে গত ১২ এপ্রিল ২০২২ খ্রি. মেহেরপুর প্রতিদিনে সংবাদ প্রকাশিত হওয়া মীর কামরুজ্জমানের বিরুদ্ধে স্বপ্রণোদিত হয়ে মামলা রুজু করেছেন আদালত।

আজ বুধবার মেহেরপুরের সিনিয়র জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেট-২, আমলী আদালতের বিচারক এস,এম, শরিয়ত উল্লাহ এ মামলা দায়ের করেন। যার মামলা নম্বর: মিস কেস-৪/২০২২ খ্রি.।

একই সঙ্গে মামলায় পিবিআইকে তদন্তের নির্দেশ দিয়েছেন। আগামী ১৩ জুন ২০২২ খ্রি তারিখের মধ্যে তদন্ত প্রতিবেদন জমা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। একই সঙ্গে মেহেরপুর প্রতিদিনের সম্পাদকসহ সংশ্লিষ্ট সকলকে তদন্তে সহযোগিতা করার জন্য নির্দেশ দেওয়া হয়েছে।

আদালত বিশ্লেষণে বলেছেন, মেহেরপুর প্রতিদিনের প্রকাশিত সংবাদ

সত্য হলে মীর কামরুজ্জামান দণ্ডবিধির ১৯৩, ১৯৬, ৪০৬, ৪১৭, ৪২০, ৪৬৪, ৪৬৭ ফৌজদারী আইন অনুযাীয় শাস্তিযোগ্য অপরাধী হিসেবে বিবেচিত হবে। প্রচারিত সংবাদের সত্যতা যাচাই পূর্বক সংশ্লিষ্ট ব্যাক্তি/ব্যক্তিদের বিচারের আওতায় আনার নিমিত্তে সুষ্ঠ তদন্ত আবশ্যক বলে আদালতের সন্তোষজনকভাবে প্রতিয়মান হয়। সার্বিক বিবেচনায় পুলিশ সুপার, পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (পিবিআই) কুষ্টিয়াকে বিষয়টি তদন্ত র্পূবক আগামি ১৩/০৬/২২ খ্রি. এর মধ্যে প্রতিবেদন দাখিলের জন্য নির্দেশ প্রদান করা হলো।

প্রসঙ্গত, অন্যের জমি জাল করে নিজের নামে রেজিস্ট্রি, সরকারি অর্পিত সম্পত্তি নিজের নামে রেজিস্ট্রিসহ নানা প্রতারণার অভিযোগ রয়েছে মীর কামরুজ্জামানের বিরুদ্ধে। যেসকল অভিযোগ নিয়ে জেলা প্রশাসক, পুলিশ সুপার, এসি ল্যাণ্ড ও গাংনী থানায় অভিযোগ করেন ভুক্তভোগীরা। অভিযোগের ভিত্তিতে সরেজমিনে এসকল তথ্যে সত্যতাও মিলে। মীর কামরুজ্জামান এসকল প্রতারণা করতে নিজেকে কখনো আইনজীবী, কখনো শিক্ষক আবার কখনো সাংবাদিক পরিচয় দেন।

গাংনীতে বালু উত্তোলনের দায়ে কারাদণ্ড, ড্রেজার জব্দ

মেহেরপুরের গাংনীর মাথাভাঙ্গা নদীতে অবৈধভাবে বালু উত্তোলন করায় আজগর আলী (৪৫) নামের এক ব্যক্তিকে ৭ দিনের কারাদন্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত। একই সঙ্গে উত্তোলনকৃত বালু ও দুটি স্যালো মেসিনযুক্ত ড্রেজার জব্দ করে ১৫ কার্যদিবসের মধ্যে স্থানীয় ইউপি চেয়ারম্যানকে নিলামে বিক্রি করে সরকারী কোষাগারে টাকা জমা দেওয়ার জন্য নির্দেশনা দেয়া হয়েছে।

বুধবার দুপুরে ভ্রাম্যমান আদালত পরিচালনা করেন সহকারী কমিশনার ভূমি নাজমুল আলম। কারাদন্ডপ্রাপ্ত আজগর আলী মেহেরপুর সদর উপজেলার আমঝুপি কোলা গ্রামের আবু বক্কর আলীর ছেলে।

ভ্রাম্যমাণ আদালতের নিবার্হী ম্যাজিস্ট্রেট ও গাংনী উপজেলা

সহকারী কমিশনার ভুমি নাজমুল আলম বলেন, আমতৈল মাধ্যমিক বিদ্যালয়ের পাশে মাথাভাঙ্গা নদী থেকে অবৈধভাবে ড্রেজার মেসিন দিয়ে বালি উত্তোলন করছে এমন সংবাদের ভিত্তিতে ঘটনাস্থলে গিয়ে সত্যতা পাওয়া যায়। বালি উত্তোলনের দায়ে আজগর আলী নামের এক ব্যক্তিতে ৭ দিনের বিনাশ্রম কারাদন্ড দেয়া হয়। এসময় উত্তোলনকৃত বালি ও দুই স্যালো মেশিনযুক্ত ড্রেজার জব্দ করে ১৫ কার্যদিবসের মধ্যে স্থানীয় ইউপি চেয়ারম্যানকে নিলামে বিক্রি করে সরকারী কোষাগারে টাকা জমা দেওয়ার জন্য নির্দেশনা দেয়া হয়েছে।

ষোলটাকা ইউপি চেয়ারম্যান আনোয়ার হোসেন পাশা বলেন, একটিকুচক্রী মহল মাথাভাঙ্গা নদী থেকে অবৈধভাবে বালি উত্তোলন করছে বিষয়টি জানতে পেয়ে জেলা প্রশাসক, উপজেলা নিবার্হী অফিসারসহ প্রশাসনের বিভিন্ন পর্যায়ে জানানো হলে ভ্রাম্যামাণ আদালত পরিচালনা করে।

ঝিনাইদহে শুরু হয়েছে ঐতিহ্যবাহী চড়ক পূজা

পাট ঠাকুরের পাটে ধুপ দেয়ার পর মঙ্গলবার মন্দিরে মহাদেব-এর অধিবাসের মধ্য দিয়ে শুরু হয় পূজার আনুষ্ঠানিকতা।

সকাল দশটায় দীঘির পানি থেকে চড়ক গাছ তোলা হয়। ১৩ হাত দৈর্ঘ্যরে শাল গাছটি চড়ক নামে পরিচিত। চড়ক গাছটি মন্দির প্রাঙ্গণের স্থাপনের পর মনোবাসনা পূরণের আশায় সেই গাছে দুধ, তেল, চিনি ঢালেন ভক্ত, অনুসারী ও পুণ্যার্থীরা।

হিন্দু সম্প্রদায়ের ঐতিহ্যের অংশ হিসেবে হাজার বছর ধরে চলে আসা এ মেলা সার্বজনীন উৎসবে পরিণত হয়। শুধু এপার বাংলা নয়, ওপার বাংলা থেকেও ভক্ত অনুসারীরা আসেন পূজা দিতে।

পূজা দিতে আসা ভক্তরা জানান, আমরা বিশ্বাস করি বাবা মহাদেবের কাছে মানসা করলে সেই মানসা পূরণ হয়। সে কারণে আমরা মহাদেবের মানসা দিতে আসি। বাবা মহাদেবের আশীর্বাদে গোটা বিশ্ব শান্তিতে থাকবে আশা করি।

চাকলা পাড়া মহাদেব মন্দির পরিচালনা কমিটির সভাপতি উজ্জ্বল বিশ্বাস ও সহ সম্পাদক চন্দন বিশ্বাস জানান, আমরা প্রশাসনের সহযোগিতায় সুষ্ঠুভাবে স্বল্প পরিসরে পূজার আনুষ্ঠানিকতা পরিচালনা করছি। এবং সকল ভক্তদের মঙ্গল কামনার জন্য এই পূজা করা হয়।

অবৈধ দাবি না মানায় রেজিস্ট্রাররে বিরুদ্ধে মানবন্ধন ও কলম বিরতি পালন

দামুড়হুদায় অবৈধ দলিল লেখক সমিতি নামক সিন্ডিকেটের কাছে জিন্মি জমির ক্রেতা-বিক্রিতা। সমিতি কর্তৃক বিভিন্ন সময়ে অবৈধ দাবি মেনে রেজিস্ট্রার কার্যক্রম না চালানোর জন্য দামুড়হুদা উপজেলা সাব রেজিস্ট্রার নফিজ বিন যামান এর বিরুদ্ধে অবৈধ দলিল লেখক সমিতি উপজেলার সাব রেজিস্ট্রার চত্বরে মানববন্ধন ও কলম বিরতি পালন করেছেন।

মঙ্গলবার বেলা ১১ টার দিকে এ মানববন্ধন ও কলম বিরত পালন করেন তারা।

তথ্য ও অনুসন্ধান সূত্রে জানা যায়, দীর্ঘদিন যাবত সমিতির কাছে উপজেলার জমি ক্রেতা-বিক্রিতার রয়েছে অসহায়। দলিল লেখক সমিতি সিন্ডিকেট চক্র ভেঙ্গে ফেলার দাবি জানিয়েছেন উপজেলার সচেতন মহল সহ জমি ক্রেতা-বিক্রেতারা।

সরকারি ভাবে জমি রেজিস্ট্রার করতে লাখে খরচ হয় ৬ হাজর থেকে ৭ হাজার টাকা। অথচ সমিতি নামক সিন্ডিকেটের দলিল লেখক সমিতি ক্রেতা- বিক্রিতাদেরকে জিন্মি করে লাখে ১০ থেকে ১৬ হাজার টাকা হাতিয়ে নেওয়া হচ্ছে। এছাড়াও জমি রেজিষ্ট্রির সময় নানা অজুহাতে আরও কিছু অর্থ হাতিয়ে নেওয়ার অজুহাতও পুরাতন।

সমিতি নামক সিন্ডিকেটের কাছে সাধারণ জমি ক্রেতা-বিক্রেতারা

জিম্মি হওয়ায় সমিতির নেতৃবৃন্দসহ সদস্যরা বনে গেছে লাখপতি। জমি ক্রয় বিক্রিতে সরকারিভাবে ব্যাংকে চালান করতে ইউনিয়ন পর্যায়ে লাখ প্রতি খরচ নেওয়া নিয়ম রয়েছে সাড়ে ছয় হাজার ও পৌর এলাকায় সাড়ে সাত হাজার টাকা, কিন্তুু এখানে সরকারি কোন নিয়ম মানা হয় না।

এছাড়াও সমিতির সিন্ডিকেটের মাধ্যমে ব্যাংকে চালান করতে আরো ২ থেকে ৫’শ টাকা বাড়তি আদায় করে নেওয়া হয়ে থাকেন। এছাড়াও প্রতি লাখে যেখানে সর্বোচ্চ রেজিস্ট্রি খরচ সাড়ে আট হাজার টাকা, সেখানে ১০ হাজার থেকে ১৬ হাজার টাকা পর্যন্ত নেওয়া হচ্ছে যা সরকারি নির্দেশনা উপেক্ষা ও নিয়ম বর্হিভূত।

উপজেলা সদর সহ প্রত্যন্ত অঞ্চলের জমি ক্রেতা বিক্রিতাদের কষ্টের অর্জিত অর্থ জমি ক্রয় বিক্রির সময় হাতিয়ে নিয়ে আসছেন এ দলিল লেখক সমিতি সিন্ডিকেট চক্ররা ।

এসকল অবৈধ অর্থ সমূহ দলিল লেখক সমিতির সদস্যরা সপ্তাহে যা দলিল রেজিষ্ট্রি হয় তা থেকে অর্জিত অতিরিক্ত অর্থ সপ্তাহে একদিন মিটিং করে ভাগপাটোয়ারা করে নিয়ে আসছে।

দামুড়হদা উপজেলরা সদর ইউনিয়ন একজন ভুক্তভোগী নাম প্রকাশ না করার শর্তে এ প্রতিবেদক কে জানিয়েছেন, কিছুদিন আগে আমি দামুড়হুদা সাব-রেজিষ্ট্রার অফিসের দলিল লেখক সমিতির মাধ্যমে ৩ লাখ টাকার দলিল করে জমি রেজিষ্ট্রি করি। যেখানে সমিতির পক্ষ থেকে আমার কাছ থেকে ৩৫ হাজার টাকা চাওয়া হয়।

আমি সরকারি নিয়মের কথা বলি যে সেখানে তো এতো টাকার কথা বলা নেই। একপর্যায়ে আমার সাথে দলিল লেখকদের কথাকাটাকাটিও হয়। তবুও শেষ পর্যায়ে অনেকটা আমাকে বাধ্য হয়ে অসহায়ের মতো দলিল লেখক সমিতির মাধ্যমে তাদের কে ৩৫ হাজার টাকা দিয়ে জমি রেজিস্ট্রার করতে হয়েছে।

এবিষয়ে জমি ক্রয় বিক্রয়কারী সহ সচেতন মহলের অনেকেই বলেন, যিনি জমি কিনবেন বা বিক্রি করবেন তাদের কাছে অবৈধভাবে বেশি অর্থ হাতিয়ে নেওয়ার বিষয়টি খুবই দুঃখ জনক ঘটনা। যিনি জমি কিনবেন বা বিক্রি করেন উভয় কষ্টের মধ্যে দিয়ে তারা সমাপ্ত করে থাকেন।

অবৈধ দলিল লেখক সমিতির সিন্ডিকেট চক্র খুবই শক্তিশালী। একজন দলিল লেখক লাখে বেশি চাইলে অন্য এক দলিল লেখকের নিকট জমির রেজিস্ট্রার কার্যক্রম সম্পন্ন করবো সে সুযোগও নাই। বিধায় একজন লাখে ১০-১৬

হাজার বললেও অন্য একজনের কাছে গেলেও খুব বেশি হলেও ৫ ‘শ থেকে ১ হাজার টাকা কম নেওয়ার ব্যবস্থা করে দেন সমিতি। যে ধরণের সমিতি মানুষের কল্যাণে আসেন না তা থাকার চাইতে না থাকায় ভালো।

ফলে এ ধরনের অবৈধ সিন্ডিকেট চক্র ভেঙ্গে জমি ক্রয় বিক্রয় যাতে সুন্দর ও সুষ্ঠু ভাবে সম্পন্ন করতে পারেন উপজেলার প্রত্যন্ত অঞ্চলে মানুষ সে ব্যবস্থা গ্রহণ করে যথাযথ কর্তৃপক্ষ সু ব্যাবস্থা গ্রহণ করবেন বলে আশা করি।

দামুড়হুদা সাব রেজিস্ট্রার এম নফিয বিন যামান এর সাথে কথা বলেন, আমি যোগদানের পর থেকে সমিতির নেতৃবৃন্দ আমাকে বিভিন্ন সময়ে অবৈধভাবে দলিল সম্পাদনের জন্য চাপ দিতে থাকে।

আমি এধরণের অন্যায় ও সরকারি নির্দেশনার বাহিরে যেতে পারবো না বা সুযোগ নাই বলে তাদের অবৈধ মতামতে প্রতিবাদ করি। ফলে তারা আমার বিরুদ্ধে যড়যন্ত্র করা শুরু করেছে।

আমি একজন সরকারি কর্মকর্তা হিসাবে সরকারি নির্দেশনার বাহিরে যাবো না বা যাওয়ার কোন সুযোগ নাই।একজন মানুষ তার সম্পদ বিক্রয় করেন অতিব প্রয়োজনীয় কাজে তেমন ভাবে আবার যিনি ক্রয় করেন তিনিও তার কষ্টের অর্জিত উপার্জনের অর্থ থেকে জমি ক্রয় করে থাকেন। ফলে তিনি কেন সরকারি নির্দেশনার বাহিয়ে অতিরিক্ত অর্থ দিয়ে কেন জমি ক্রয় করবেন।

কুষ্টিয়ায় প্রধানমন্ত্রীর উদ্বোধনের অপেক্ষায় নবনির্মিত শিল্পকলা ভবন

কুষ্টিয়ায় অত্যাধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত নবনির্মিত জেলা শিল্পকলা একাডেমি ভবন এখন প্রধানমন্ত্রীর উদ্বোধনের অপেক্ষায় প্রহর গুনছে।

আগামীকাল বুধবার সকাল ১১টায় গণভবন থেকে ভার্চ্যুয়াল মাধ্যমে

কুষ্টিয়া-সহ দেশের ৮টি শিল্পকলা একাডেমি ভবন উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

উদ্বোধনী অনুষ্ঠানে গণভবন ছাড়াও বাংলাদেশ শিল্পকলা একাডেমি মিলনায়তন ও নারায়ণগঞ্জ, জামালপুর, মৌলভীবাজার, পাবনা, রংপুর, খুলনা, মানিকগঞ্জ ও কুষ্টিয়া জেলা প্রশাসকের কার্যালয় থেকে বিভিন্ন সরকারি, বেসরকারি দপ্তরের কর্মকর্তা, রাজনৈতিক নেতারা, সাংস্কৃতিক ব্যক্তি ও শিল্পীরা সংযুক্ত থাকবেন।

কুষ্টিয়ার জেলা প্রশাসক ও জেলা শিল্পকলা একাডেমির সভাপতি মোহাম্মদ সাইদুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে কুষ্টিয়া-৪ আসনের সংসদ সদস্য ব্যারিষ্টার সেলিম আলতাফ জর্জ, কুষ্টিয়া জেলা আওয়ামীলীগের সভাপতি আলহাজ্ব সদর উদ্দিন খান, সাধারন সম্পাদক আজগর আলী, সহসভাপতি ও জেলা পরিষদের চেয়ারম্যান হাজী রবিউল ইসলাম, কুষ্টিয়া পৌরসভার মেয়র আনোয়ার আলী, কুষ্টিয়া সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান আতাউর রহমান আতা, জেলা শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক আমিরুল ইসলাম, সহসভাপতি আশরাফ উদ্দিন নজু, যুগ্ম সাধারণ সম্পাদক শহীদুল ইসলাম রবি, শাহীন সরকার, জেলা কালচারাল অফিসার সুজন রহমান, সহ সংশ্লিষ্টরা উপস্থিত থাকবেন।

অত্যাধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত এ শিল্পকলা একাডেমির উদ্বোধন ঘিরে আনন্দে উদ্বেলিত এখানকার শিল্পী-কলাকুশলী ও সংগঠকরা। এখন নির্মাণ কাজ শেষে শুধুই আনুষ্ঠানিক উদ্বোধনের অপেক্ষা।

সাংস্কৃতিক চর্চা বিশ্ব দরবারে ব্যাপক পরিচিতি লাভ করতেই কুষ্টিয়া জেলা শিল্পকলা একাডেমী নির্মাণ করা হয়েছে। সর্বস্তরে সংস্কৃতির আলো ছড়িয়ে দিতে এবং শিল্প ও সাংস্কৃতিক চর্চা বাড়ানোর জন্যই ২০১৭ সালের জুলাই মাসে তৎকালীন সংস্কৃতি বিষয়ক মন্ত্রী আসাদুজ্জামান নূর এর ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। ঢাকার পরেই কুষ্টিয়া জেলা শিল্পকলা একাডেমির অবস্থান এটি।

শিল্পকলা একাডেমীতে থাকছে ৩টি অত্যাধুনিক অডিটোরিয়াম। এর মধ্যে রয়েছে অত্যাধুনিক ফিক্স অডিটোরিয়াম, মাল্টিপারপাস অডিটোরিয়াম এবং এরিনা মঞ্চ। ভবনের বিভিন্ন তলায় শ্রেণি কক্ষ, অফিস কক্ষ, প্রশিক্ষক কক্ষসহ অন্যান্য কক্ষ রয়েছে।

এ ছাড়া সর্বাধুনিক সাউন্ড সিস্টেমসহ নানা সুযোগ-সুবিধা রয়েছে। বিশাল পরিসরের এই শিল্পকলা একাডেমিতে প্রবেশ করতেই নজর কাড়বে দৃষ্টিনন্দন এই ভবনটি। ভবনটির নির্মাণ কাজ শেষ হওয়ার পর কয়েকবার

পরীক্ষণমূলক কার্যক্রমও পরিচালনা করা হয়েছে।

জেলা কালচারাল অফিসার সুজন রহমান বলেন, সংস্কৃতি মন্ত্রনালয়ের অর্থায়নে ৩৭ কোটি টাকা ব্যয়ে নির্মিত এ শিল্পকলা একাডেমী ২০১৭ সালের জুলাই মাসে তৎকালীন সংস্কৃতি বিষয়ক মন্ত্রী আসাদুজ্জামান নূর এর ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। এক একর জায়গার ওপর নির্মিত হবে এই কমপ্লেক্স ভবন। বাংলাদেশের মধ্যে এটিই সেরা অত্যাধুনিক কমপ্লেক্স শিল্পকলা একাডেমী ভবন।

আলমডাঙ্গায় বিএনপির ইফতার পার্টিতে হামলা ও ভাংচুরের অভিযোগ, আহত ২

আলমডাঙ্গা উপজেলায় বিএনপির সম্মেলনে পর ইফতার পার্টিতে হামলা ও ভাংচুরের অভিযোগ উঠেছে আ.লীগের নেতাকর্মীদের বিরুদ্ধে। এসময় প্যান্ডেল সহ চেয়ার ভাংচুর করে। আহত হয় বিএনপির দুই নেতা। তাদেরকে উদ্ধার করে প্রাথমিক চিকিৎসা দেয়া হয়েছে।

মঙ্গলবার বিকেল ৬ টার দিকে আলমডাঙ্গা উপজেলায় নাগদহ ইউনিয়নের জোড়গাছা গ্রামে ইউপি সদস্য শাহিনের বাগান বাড়িতে এ হামলার ঘটনা ঘটে।

তবে ইউনিয়ন আ.লীগের দাবি, বিএনপির দু’গ্রুপের অভ্যন্তরীণ কোন্দলের বিরোধের জের ধরে এ হামলার ঘটনা ঘটেছে। আ.লীগের কোন নেতাকর্মী সেখানে যায়নি।

ইউপি সদস্য ও বিএনপির নেতা শাহিন বলেন, আমার বাগান বাড়িতে নাগদহ ইউনিয়ন বিএনপির সম্মেলনের মাধ্যমে কমিটি গঠনের প্রস্তুতি চলছিল। ইফতারির সময় হলে নেতাকর্মীরা প্রস্তুতি নিচ্ছিলেন। এ সময় হঠাৎ করেই নাগদহ ইউনিয়ন আ.লীগের সাধারণ সম্পাদক হায়াত আলীর নেতৃত্বে ২০/৩০ জন আমাদের উপর লাঠিসোঁটা নিয়ে অতর্কিত হামলা চালাই।

ভাংচুর করে প্যান্ডেলসহ একশত এর অধিক চেয়ার টেবিল। আলমগীর হোসেন